

বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়া'র ইফতার মাহফিল



কায়সার আহমেদ: ৮ই সেপ্টেম্বর ২০০৮ সোমবার বাংলাদেশ এসোসিয়েশন অব অস্ট্রেলিয়া কর্তৃক আয়োজন করা হয়েছিল এক বিশেষ ইফতার পার্টির। ইফতারে অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হয়েছিল সদস্যবৃন্দ সহ সিডনির বাঙালী কমিউনিটির সদস্যদের। সংগঠনের সভাপতি হারুনুর রশিদ ও সাধারণ সম্পাদক মো:

গিয়াসউদ্দিন মোল্লার আমন্ত্রণে প্রবাসী বাঙালীদের অংশগ্রহণে সফল হয়ে উঠেছিল এসোসিয়েশনের ইফতার পার্টি।

ইফতার মাহফিলের আলোচনা ও মিলাদ অনুষ্ঠান পরিচালনা করেন সংগঠনের সিনিয়র সদস্য লিয়াকত আলী স্বপন। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রাক্তন সভাপতি দেলোয়ার হোসেন ও ফারুক আহমেদ খান, প্রাক্তন সাধারণ সম্পাদক ওয়ালিউর রহমান টুন্সু, বঙ্গবন্ধু পরিষদ অব অস্ট্রেলিয়ার ভারপ্রাপ্ত সভাপতি মুহাম্মদ উসমান গনি, বিএনপি সিনিয়র নেতৃবৃন্দ রুহুল আহমেদ সওদার, ইনজিনিয়ার হুমায়ের রানা, ফজলুল হক শফিক, অস্ট্রেলিয়া ছাত্রদল সভাপতি মোসলেহউদ্দিন আরিফ, জিয়া পরিষদের সভাপতি কুদরতউল্লাহ লিটন।

